অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শিশু ও কমবয়সীদের সেবাদান করা মেন্টাল হেলথ প্র্যাকটিশনিয়ারদের জন্য ঋণ রিপেমেন্টের প্রোগ্রামের এক্সপ্যানশন ঘোষণা করলেন

অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের লাইসেন্স দেওয়া প্রোভাইডার এবং ফ্যাসিলিটির যোগ্য মেন্টাল হেলথ কর্মীদের জন্য জনপ্রিয় প্রোগ্রামটিকে বাড়ানো হয়েছে

মেন্টাল হেলথ কেয়ার প্রোভাইডার এবং কমিউনিটিভিত্তিক হাসপাতালের জন্য 9.6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হয়েছে যাতে পেশাদার কর্মীদের আকৃষ্ট করা এবং ধরে রাখা যায়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে স্টেটের লাইসেন্স করা বা তহবিল দেওয়া প্রোগ্রামে শিশু ও কিশোরদের সেবা দেওয়া লাইসেন্সসহ পেশাদারদের যোগ করার জন্য Community Mental Health Loan Repayment প্রোগ্রামের 4 মিলিয়ন মার্কিন ডলারের এক্সপ্যানশন করা হবে। অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের (Office of Children and Family Services, OCFS) সাথে পার্টনারশিপে স্টেটের অফিস অফ মেন্টাল হেলথের (Office of Mental Health, OMH) পরিচালিত তহবিলটি কমবয়সীদের সেবা দেওয়া মেন্টাল হেলথ পেশাদারদেরকে শিক্ষার ঋণ এবং স্টুডেন্ট ঋণ পরিশোধ করতে সাহায্য করার জন্য 30,000 মার্কিন ডলার পর্যন্ত কমপক্ষে 400টি অর্থ দিবে, তবে তার জন্য তাদেরকে কোনো যোগ্য মেন্টাল হেলথ প্রোগ্রামে কমপক্ষে তিন বছর কাজ করতে হবে।

"নিউ ইয়র্ক স্টেটের (New York State) মেন্টাল হেলথ কেয়ার সিস্টেমের কার্যকারিতা নির্ভর করে এই অতি গুরুত্বপূর্ণ কাজ করার জন্য শীর্ষ পেশাদারদের আকৃষ্ট করার ব্যাপারে আমাদের সক্ষমতার উপর," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "কমবয়সীদের সেবা দেওয়া প্রোগ্রাম ও ফ্যাসিলিটির জন্য Community Mental Health Loan Repayment প্রোগ্রামটিকে বাড়ানোর মাধ্যমে আমরা বিদ্যমান কর্মীদের ধরে রাখতে এবং নতুন পেশাদারদের নিয়োগ দিতে এবং আমাদের দেশের অন্য অনেক খাতে যে ঘাটতি দেখা দিয়েছে তা এড়াতে আমাদের স্টেটকে সাহায্য করতে পারবো।"

কমিউনিটি মানসিক স্বাস্থ্য ঋণ রিপেমেন্ট কর্মসূচিটি যোগ্য শিক্ষা ঋণ ও শিক্ষার্থীর বকেয়া পরিশোধ করতে সাইকিয়াট্রিস্টদের 120,000 মার্কিন ডলার পর্যন্ত এবং অন্যান্য মানসিক স্বাস্থ্য

পেশাদারদের 30,000 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করে, যদি তারা তিন বছর লাইসেন্সপ্রাপ্ত কমিউনিটি মানসিক স্বাস্থ্য কর্মসূচিতে চাকরি করে। প্রোগ্রামের যোগ্যতার মধ্যে অনেক লাইসেন্সসহ মেন্টাল হেলথ পেশাদার আছে, যেমন মাস্টার এবং ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কার; মেন্টাল হেলথ কাউন্সেলর; বিয়ে এবং পরিবারের থেরাপিস্ট; ক্রিয়েটিভ আর্টস থেরাপিস্ট, সাইকোঅ্যানালিস্ট, এবং সাইকোলজিস্ট।

কমবয়সীদের মেন্টাল হেলথ সঙ্কটের কারণে এবং শিশু ও কিশোরদের মেন্টাল হেল্থের ব্যাপারে জাতীয় জরুরি অবস্থার সমাধান করার জন্য মেন্টাল হেলথ পেশাদারদের প্রয়োজনের কারণে শিশু ও কমবয়সীদের বিহেভিওরাল হেলথ ওয়ার্কফোর্সে ওয়ার্কফোর্সের ধারণক্ষমতার জন্য বেশি অগ্রাধিকার রয়েছে। প্রোগ্রামটি এক্সপ্যানশন OMH বা OCFS-এর লাইসেন্সসহ, নির্ধারিত, বা তহবিল পাওয়া কমিউনিটি প্রোগ্রামে শিশু ও কিশোরদের সেবা দেওয়া যোগ্য লাইসেন্সসহ পেশাদারদের উপর আরো মনোযোগ দেওয়া হবে যাতে শিশু ও কমবয়সীদের জন্য মেন্টাল হেলথ সেবার অ্যাক্সেস ও পাওয়ার সুযোগ বাড়ানো যায়।

ঋণ রিপেমেন্টের এই প্রোগ্রামটির সর্বশেষ এই এক্সপ্যানশনের ফলে শিশু ও কিশোরদের সরাসরি মেন্টাল হেলথ কেয়ার সেবা দেওয়া আরো কমপক্ষে 400টি OMH এবং OCFS প্রোভাইডারদের জন্য এটি দেওয়া হবে। এর মধ্যে আছে শিশুদের দিনের চিকিৎসার প্রোগ্রাম, বাড়িতে সঙ্কটের সময় ইন্টারভেনশনের (Home Based Crisis Intervention) প্রোগ্রাম, ইটিং ডিজঅর্ডার সমন্বিত চিকিৎসার জন্য কমিউনিটিতে বাস করার প্রোগ্রাম, এবং ভলান্টারি ফস্টার কেয়ার এজেন্সি, লিমিটেড সিকিউর প্রোগ্রাম যা নিউ ইয়র্ক সিটির 'Close to Home' উদ্যোগের অধীনে অনুমোদিত, এবং পালিয়ে যাওয়া ও হোমলেস কমবয়সীদের জন্য প্রোগ্রাম।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ মেন্টাল হেলথের কমিশনার Dr. Ann Sullivan (ডাঃ অ্যান সালিভ্যান) বলেন, "আমাদের কমবয়সীদের জন্য মেন্টাল হেলথ ওয়ার্কফোর্সের বিকাশ হলো আমাদের কমবয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য মেন্টাল হেলথ সেবার অ্যাক্সেস বাড়ানোর জন্য অতি গুরুত্বপূর্ণ। ঋণ রিপেমেন্টের প্রোগ্রামটির (loan repayment program) এই এক্সপ্যানশন আমাদেরকে এমন একটি মেন্টাল হেলথ কেয়ার ওয়ার্কফোর্স তৈরি করতে দিবে যা সত্যিই আজকের দিনে এবং ভবিষ্যতে অনেক দিন পর্যন্ত আমাদের চাহিদার জন্য সত্যিকারের সমাধান দিবে। আমাদের মেন্টাল হেলথ কেয়ার সিস্টেমকে জোরদার করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে বাঁচা ও সমৃদ্ধির জন্য তাদের প্রয়োজনীয় সমর্থন থাকে তা নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক মনযোগের জন্য আমি তার প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের কমিশনার Dr. DaMia Harris-Madden (ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন) বলেন, "মেন্টাল হেলথ সিস্টেমে গভর্নর Hochul (হোকল) যে বিশাল বিনিয়োগ করেছেন তা করা হয়েছে ইন্টারভেনশন প্রয়োজন এমন ব্যক্তিদের, এবং সেই সাথে সিস্টেমের ওয়ার্কফোর্সের জন্য অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সমর্থন, সেবা, ও সুযোগের বাড়তে থাকা চাহিদা পূরণ করার জন্য। ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) প্রতি পাঁচজনে একজন মেন্টাল হেলথ রোগে ভুগছে, এবং এখানে অনেক তীব্র চাহিদাসহ কমবয়সী ও শিশুদের হার শঙ্কাজনক, তাই মেন্টাল হেলথ সিস্টেমকে সমর্থন করার জন্য ক্যারিয়ার পাইপলাইন গত করা প্রয়োজনীয়। আমাদের মেন্টাল হেলথ পেশাদাররা

হলেন শিশু ও কমবয়সীদের সার্বিক সুস্থতাকে সমর্থন করার একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। OCFS-এর লাইসেন্সসহ প্রোগ্রামে শিশু ও কিশোরদের সেবা দেওয়া লাইসেন্সসহ পেশাদারদের জন্য Community Mental Health Loan Repayment প্রোগ্রামকে বড় করার মাধ্যমে মেন্টাল হেলথ ওয়ার্কফোর্সকে আরো শক্তিশালী করতে গভর্নর এবং অফিস অফ মেন্টাল হেলথের উদ্দেশ্যকে OCFS সমর্থন করছে।"

OMH লাইসেন্সসহ প্রোভাইডারদের চাকরি করা যোগ্য পেশাদারদের জন্য আরো 3 মিলিয়ন মার্কিন ডলার থাকছে, যার মধ্যে আছে সার্বিক সাইকিয়াট্রিক জরুরি প্রোগ্রাম, আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটি, অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট দল (assertive community treatment teams), শিশুদের দিনের চিকিৎসা, মেন্টাল হেলথ আউটপেশেন্ট চিকিৎসা এবং রিহ্যাব সেবা এবং ক্রাইসিস স্ট্যাবিলাইজেশন সেন্টার। এই তহবিলটি প্রোগ্রামের আগের রাউন্ডগুলি থেকে বেঁচে গিয়েছে এবং এটি কমপক্ষে 120 জনকে অর্থ দেওয়া সমর্থন করবে, যার মধ্যে 60 জন সাইকিয়াট্রিস্ট এবং 60 জন সাইকিয়াট্রিক নার্স প্র্যাকটিশনিয়ার বা সাইকিয়াট্রিক ফিজিশিয়ানের অ্যাসিস্টেন্ট থাকবে।

এখন পর্যন্ত প্রোগ্রামটি 909 জন কমিউনিটির মেন্টাল হেলথ প্রোগ্রামের (community mental health program) কর্মচারীর পক্ষে প্রায় 9.6 মিলিয়ন মার্কিন ডলার বার্ষিক ঋণ রিপেমেন্ট করেছে। এর মধ্যে আছে 77 জন সাইকিয়াট্রিস্ট, 164 জন সাইকিয়াট্রিক নার্স প্র্যাকটিশনিয়ার এবং ফিজিশিয়ানের অ্যাসিস্টেন্ট এবং 668 জন লাইসেন্সসহ মেন্টাল হেলথ প্র্যাকটিশনিয়ার।

গভর্নর Hochul (হোকল) 2022 সালে 9 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল দিয়ে ঋণ রিপেমেন্টের এই প্রোগ্রামটি শুরু করেন যাতে কমিউনিটির মেন্টাল হেলথ এজেন্সিগুলিকে সাইকিয়াট্রিস্ট এবং সাইকিয়াট্রিক নার্স প্র্যাকটিশনিয়ার নিয়োগ ও ধরে রাখতে সাহায্য করা যায়। প্রোগ্রামটিকে 2023 সালে আরো 5 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে বাড়ানো হয়, যার ফলে লাইসেন্সসহ মেন্টাল হেলথ পেশাদাররা অর্থ পাওয়ার জন্য আবেদন করতে পারে।

জাতীয়ভাবে, মানসিক অসুস্থতা ও মাদক ব্যবহার ব্যাধির ক্রমবর্ধমান হার সাইকিয়াট্রিস্ট ও অন্যান্য মানসিক স্বাস্থ্য পেশাদারদের জন্য একটি উচ্চতর চাহিদা তৈরি করেছে, এই চাহিদা এই ক্ষেত্রের কর্মীবাহিনীর বিকাশকে অতিক্রম করবে বলে আশঙ্কা করা যাচ্ছে। হেলথ ওয়ার্কফোর্স স্টাডিজ সেন্টারের (Center for Health Workforce Studies) অনুসন্ধান অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটে 2030 সালের মধ্যে আনুমানিক 1,180 থেকে 2,650 জন সাইকিয়াট্রিস্টের ঘাটতি থাকবে।

ঋণ রিপেমেন্টের প্রোগ্রামটির এক্সপ্যানশনে পুরো স্টেটের কমবয়সীদের মেন্টাল হেলথের সমাধান ও উন্নয়নের প্রতি গভর্নর Hochul-এর (হোকল) অবিচল প্রতিশ্রুতি দেখা যায়। তার ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর এক্সিকিউটিভ বাজেট হাই স্কুলের স্টুডেন্টদের জন্য টিন মেন্টাল হেলথ ফার্স্ট এইড (Teen Mental Health First Aid) ট্রেনিংকে বড় করবে যাতে করে মেন্টাল হেলথ এবং মাদক ব্যবহারের সমস্যার লক্ষণে সাড়াদান করতে তাদেরকে সাহায্য করা যায়; এবং এটি পুরো স্টেটে চারটি ইয়ুথ সেফ স্পেস (Youth Safe Spaces) যোগ করবে যাতে কমবয়সী মানুষদের জন্য বিহেভিওরাল হেলথের সুস্থতার রিসোর্স পাওয়ার সুযোগ দেওয়া যায়।

তার ল্যান্ডমার্ক 1 বিলিয়ন মার্কিন ডলারের মেন্টাল হেলথ উদ্যোগের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) এছাড়াও কমবয়সী ও তাদের পরিবারের জন্য মেন্টাল হেলথ কেয়ার ও রিসোর্স পাওয়ার সুযোগ উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে দিয়েছেন, এইসব বিনিয়োগকে অর্থবছর 2025-এর পাশ করা বাজেটে আবার বাড়িয়ে দেওয়া হয়েছে। বিনিয়োগের মধ্যে আছে স্কুলভিত্তিক মেন্টাল হেলথ ক্লিনিকের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার স্টার্টআপ তহবিল এবং একটি রোলিং আবেদন প্রক্রিয়া; এবং আরো পরিবারের জন্য রিসোর্স ও সমর্থন দেওয়া নিশ্চিত করার জন্য 12টি নতুন ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট দল যোগ করার জন্য 9.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা।

স্টেটের সিনেটর Samra G. Brouk (সামরা ব্রোক) বলেন, "সিনেট কমিটি অন মেন্টাল হেলথের (Senate Committee on Mental Health) চেয়ার হিসেবে, আমি পুরো স্টেটের কমবয়সীদের মেন্টাল হেলথ সঙ্কট সমাধানে সক্রিয়ভাবে কাজ করেছি এবং একই সাথে মেন্টাল হেলথ ওয়ার্কফোর্সকে সমর্থন করেছি। কমবয়সীদের জন্য মেন্টাল হেলথের প্র্যাকটিশনিয়ারদের সাহায্য করবে এমন একটি স্কুলভিত্তিক মেন্টাল হেলথ ঋণ রিপেমেন্টের প্রোগ্রাম স্থাপন করতে আমার লেজিস্লেশনটি দিয়ে জীবন রক্ষাকারী সেবাদানকারী ব্যক্তিদের জন্য সমর্থন বাড়াতে আমি লড়াই করে চলেছি। আমাদের মেন্টাল হেলথ কর্মীরা যাতে আমাদের কমবয়সী নিউ ইয়র্কবাসীদেরকে উচ্চমানের, সহানুভূতিশীল সেবা দিয়ে যেতে পারে সে ব্যাপারে সাহায্য করতে Community Mental Health Loan Repayment প্রোগ্রামকে বড় করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

অ্যাসেম্বলির সদস্য Andrew Hevesi (অ্যান্ড্রু হিভেসি) বলেন, "Community Mental Health Loan Repayment প্রোগ্রামকে বাড়ানোর জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ। এই ঋণ মাফ করার প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে আমাদের স্টেট যে মেন্টাল হেলথ সঙ্কটের মুখোমুখি হয়েছে, যা বিশেষ করে আমাদের শিশুদের প্রভাবিত করছে, তার সমাধান করার জন্য আমাদের কাছে যথেষ্ট যোগ্য পেশাদার থাকে।"

এছাড়াও গভর্নর Hochul (হোকল) ইয়ুথ মেন্টাল হেলথ অ্যাডভাইজরি বোর্ড (Youth Mental Health Advisory Board) তৈরি করেছেন, এটি একটি 30 সদস্যের অ্যাডভাইজরি বোর্ড যেখানে 11 থেকে 17 বছর বয়সের কমবয়সীরা আছে। অ্যাডভাইজরি বোর্ডটি বছরে চারবার সমবেত হয় এবং তাদের কাজ হচ্ছে বিহেভিওরাল হেলথ প্রোগ্রাম ও পলিসি তৈরিতে যাতে কমবয়সীদের কাছ থেকে জানা সেরা প্র্যাকটিস যোগ করা হতে থাকে তা নিশ্চিত করা।

New York State Council for Community Behavioral Healthcare-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Lauri Cole (লরি কোল) বলেন, "শিশু, কমবয়সী এবং পরিবারদের মেন্টাল হেলথ চাহিদাকেন্দ্রিক একটি অতি গুরুত্বপূর্ণ ঋণ রিপেমেন্টের প্রোগ্রামের এই গুরুত্বপূর্ণ এক্সপ্যানশন, যার ফলে আমরা তাদেরকে সেবা দেওয়ার জন্য প্রয়োজনীয় ওয়ার্কফোর্সকে নিয়োগ দিতে ও ধরে রাখতে পারবো, সেই ব্যাপারে তাদের ভিশনের জন্য New York State Council for Community Behavioral Healthcare-এর 165 সদস্য গভর্নর Hochul-এর (হোকল) এবং অফিস অফ মেন্টাল হেলথে আমাদের নিরলস কলিগদের প্রশংসা করছে। এইসব নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তাদের

প্রয়োজন মেটানোর জন্য সেরা পর্যায়ে দ্রুত সেবা পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করার থেকে বেশি গুরুত্বপূর্ণ খুব কম বিষয়ই আছে। যদি আমরা সাইকিয়াট্রিস্ট, সাইকিয়াট্রিক নার্স প্র্যাকটিশনিয়ার, লাইসেন্সসহ মেন্টাল হেলথ প্র্যাকটিশনিয়ার এবং এইসব নিউ ইয়র্কবাসীদের জীবনে পরিবর্তন আনতে চায় কিন্তু সামাল দেওয়া যাচ্ছে না এমন ঋণের ভারে আক্রান্ত আছে এমন অন্য ব্যক্তিদের ইনসেনটিভ দেই তাহলেই শুধু এটি সম্ভব।"

New York State Council of Family and Child Caring Agencies-এর প্রেসিডেন্ট এবং CEO Kathleen Brady-Stepien (ক্যাথলিন ব্র্যাডি-স্টেপিয়েন) বলেন, "স্টেটের কমবয়সীদের মেন্টাল হেলথকে অগ্রাধিকার দেওয়ার জন্য, এবং বিহেভিওরাল হেলথ স্পেক্ট্রামে আমাদের শিশু কল্যাণ ওয়ার্কফোর্সের ভূমিকার অতি জরুরি গুরুত্ব বুঝতে পারার জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি। কর্মীদেরকে তাদের উচ্চশিক্ষা এবং ক্যারিয়ারের লক্ষ্য অর্জনে সমর্থন করতে এই বিনিয়োগ দেখে আমরা অনেক খুশি, কারণ মানসম্পন্ন সেবা, আমাদের শিশু ও পরিবারের জন্য ভালো পরিণতি, এবং ফস্টার কেয়ারে বাস করার সময় কমানো নিশ্চিত করার জন্য একটি স্থিতিশীল এবং ভালো ট্রেনিং পাওয়া ওয়ার্কফোর্স অতি গুরুত্বপূর্ণ।"

New York State Coalition for Children's Behavioral Health-এর প্রেসিডেন্ট এবং CEO Kayleigh Zaloga (কেলি জালোগা) বলেন, "শিশুদের সেবাদান করা প্র্যাকটিশনিয়ারদের অগ্রাধিকার দেওয়া এবং Community Mental Health Loan Repayment প্রোগ্রামের এই এক্সপ্যানশনে OCFS-এর লাইসেন্সসহ প্রোভাইডারদের যোগ করার আমরা অনেক প্রশংসা করছি। কমবয়সী ও পরিবার যে প্র্যাকটিশনিয়ারদের উপর নির্ভর করে তাদের উপর বিনিয়োগ করার মাধ্যমে শিশুদের বিহেভিওরাল হেলথ ওয়ার্কফোর্সকে জোরদার করার দিকে এটি একটি স্বাগত ধাপ। স্টুডেন্ট ঋণের বকেয়ার আর্থিক চাপ সহজ করা হলো একটি অর্থপূর্ণ সুবিধা যা আরো বেশি লাইসেন্সসহ প্র্যাকটিশনিয়ারকে এমন প্রোগ্রামে থেকে যেতে দিবে যেখানে তাদের প্রয়োজন আছে, এমন একটি সময় যখন কমিউনিটির বিহেভিওরাল হেলথ সেবার প্রয়োজন বেড়ে চলেছে। যেহেতু এই ক্ষেত্রটি মূলত নারীদের নিয়ে গঠিত হয়েছে তাই আমরা শিশু ও পরিবারের কেয়ার পাওয়ার সুযোগ বাড়ানোর সাথে সাথে নারীদের অর্থনৈতিক স্থিতিশীলতার সমর্থন করার একটি কৌশল হিসেবেও শিশুদের বিহেভিওরাল হেলথ ওয়ার্কফোর্সে বিনিয়োগ করার মূল্যকে তুলে ধরতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন